দৈনিক বাংলা

তারিখ ... 6.8.83 ...
পৃষ্ঠা ... 11 কলাম ... 7



# প্রাথমিক শিক্ষা ৮ বছর মেয়াদী হবে: মজিদ

শিক্ষামন্ত্রী ডঃ আবদুল মজিদ খান বৃহস্পতিবার বলেন যে প্রাথমিক শিক্ষাকে পর্যায়ক্রমে ৫ বছর থেকে ৮ বছরে উন্নীত করা হবে এবং বর্তমান সার্বজনীন প্রাথমিক শিক্ষাকে ভবিষ্যতে বাধ্যতামূলক করা হবে।

শিক্ষামন্ত্রী আজ সকালে শিক্ষা ভবনে দুই বছর মেয়াদী পিটিআই প্রশিক্ষণ কোর্স চালু সংক্রান্ত এক আলোচনা সভায় প্রধান অতিথির ভাষণে একথা বলেন।

তিনি বলেন সরকার প্রাথমিক শিক্ষাকে বিশেষ গুরুত্ব দিয়েছেন বলে পিটিআই—এর ১ বছরের কোর্স ২ বছরে উন্নীত করা হয়েছে। এর লক্ষ্য হল প্রাথমিক শিক্ষাকে কাঠামোগতভাবে মজবুত এবং জীবন ভিত্তিক করা। কেননা শিক্ষার মূল ভিত্তিই প্রাথমিক শিক্ষা।

৮ বছর মেয়াদী প্রাথমিক শিক্ষা প্রবর্তনের ব্যাখ্যা দিতে গিয়ে মন্ত্রী বলেন আমাদের আর্থ সামাজিক অবস্থার প্রেক্ষাপটে ৫ বছর মেয়াদী প্রাথমিক শিক্ষা অর্থবহ হয় না। একে কাঠামোগতভাবে জীবন ভিত্তিক করার কাজ শেষ হলে ক্রমান্বয়ে ভবিষ্যতে ৮ বছর মেয়াদী করা হবে।

১ বছর মেয়াদী পিটিআই ট্রেনিং কোর্স চালু প্রসঙ্গে তিনি আরও বলেন প্রাথমিক শিক্ষাকে সব শিক্ষার সাথে মূল্যায়ন জন্য ২ বছর মেয়াদী পিটিআই কোর্স চালুর সিদ্ধান্ত নেয়া হয়েছে। পিটিআই ট্রেনিংপ্রাপ্ত শিক্ষকদের জন্য সারা জীবন শিক্ষার দ্বার অবারিত থাকবে এবং প্রয়োজন বোধে অন্য যেকোন পেশায় নিয়োজিত হতে পারবেন। সঙ্গে সঙ্গে তাদের শিক্ষকতার গুণগতমানও বৃদ্ধি পাবে।

এই প্রশিক্ষণ কোর্সের বাস্তবায়ন প্রসঙ্গে শিক্ষামন্ত্রী বলেন, শিক্ষকদের সহযোগিতা ছাড়া এই কর্মসূচী বাস্তবায়ন সম্ভব না। এ ব্যাপারে তিনি শিক্ষকদের সহযোগিতা কামনা করেন এবং শিক্ষকতাকে মহান ব্রত হিসাবে গ্রহণের আহ্বান জানান। শিক্ষার বৈশিষ্ট্য ব্যাখ্যা করে ডঃ আবদুল মজিদ খান বলেন শিক্ষার মূল উদ্দেশ্য হলো মানুষকে পদ্ধতিগত ও প্রক্রিয়াগতভাবে শিক্ষা দেয়া যাতে সে সত্যিকারের জ্ঞান অনুসন্ধান করে তা আহ-

(১০-এর পৃঃ দ্রঃ)

## মজিদ

(১১-এর পৃঃ পর)

রণ করতে পারে। শিক্ষারমান উন্নয়ন না হলে এবং শিক্ষা জীবন ভিত্তিক না হলে অশিক্ষার সঙ্গে উৎপাদনের অপ্রতুলতা এবং পর নির্ভরশীলতা কোন দিন কমবে না বলেও তিনি উল্লেখ করেন। খবর তথ্য বিবরণীর।